56

দৈনিক বাংলা

তারিখ 31 MAR 1996
পৃষ্ঠা ৫ কলাম ৭

# প্রাইভেট টিউশনী ঃ শিক্ষার মান নিম্নমুখী

-নিজস্ব সংবাদদাতা ঃ মাদারীপুর।- মাদারীপুরে এক শ্রেণীর শিক্ষকের মধ্যে প্রাইভেট টিউশনির প্রবণতা বৃদ্ধি পাওয়ায় জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মান দিন দিন নিম্ন পর্যায়ে নেমে যাচ্ছে। স্কুল কলেজগুলোতে কর্মরত অনেক শিক্ষক ছাত্রছাত্রীদের ক্লাসে শিক্ষা-দানের পরিবর্তে প্রাইভেট টিউশনীতেই বেশী আগ্রহী।

জানা যায়, জেলার বেসরকারী কলেজ ও মাধ্যমিক স্কুলগুলির চেয়ে বিশেষ করে, সরকারী স্কুল-কলেজের একশ্রেণীর শিক্ষক এ ব্যাপারে বেশী আগ্রহী। এসব শিক্ষক স্কুলের ক্লাসরুমকে বিশ্রামের স্থান হিসেবে গণ্য করে থাকেন। কারণ তারা দিন রাত মিলিয়ে ৫/৭টি ব্যাচ পড়িয়ে ক্লান্ত শ্রান্ত হয়ে পড়েন। এই টিউশনি প্রথা চালু থাকার ফলে অর্থনৈতিকভাবে স্বচ্ছল কিছু সংখ্যক ছাত্রছাত্রীর সুবিধা হলেও সংখ্যাগরিষ্ঠ গরীব ও মধ্যবিত্ত পরিবারের ছাত্রছাত্রীদের শিক্ষা ক্ষেত্রে চরম অবনতি নেমে আসছে।

অভিভাবক মহলের অভিযোগ এসব শিক্ষক ছাত্রছাত্রীদের ক্লাসে ঠিকমত না পড়িয়ে তাদের ভালো ফলাফলের লোভ দেখিয়ে প্রাইভেট পড়াতে আগ্রহী করে তোলে। এসব শিক্ষকের কাছে শিক্ষকতার মহান পেশা এখন লাভজনক ব্যবসা হিসাবে পরিগণিত হচ্ছে।